যায়যায়দিন

তারিখ ... ৩-৩ APR 2000
পৃষ্ঠা 2 কলাম 7

রাউন্ড টেবিলে শিক্ষাবিদদের অভিমত

# কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি চালু আগে আলোচনা জরুরি

যাযাদি রিপোর্ট

ইচ্ছামতো কোনো পদ্ধতি শিক্ষার্থীদের ওপর চাপিয়ে দিলে এর পরিণতি কখনোই ভালো হয় না। কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি চালুর আগে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করা জরুরি। তাই হুট করে নয় বরং সরকারের উচিত অনেক চিন্তাভাবনা করে এ পদ্ধতি চালু করা। গতকাল জাতীয় প্রেস ক্লাবে অভিভাবক ফোরাম আয়োজিত রাউন্ড টেবিল মিটিংয়ে বক্তারা এসব কথা বলেন।

অভিভাবক ফোরামের আহ্বায়ক আবেদ রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত 'কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতি : ষষ্ঠ শ্রেণী থেকে চালুর প্রস্তাবনা' শীর্ষক এ রাউন্ড টেবিল মিটিংয়ে বক্তারা বলেন, এ পদ্ধতিটি একটি আধুনিক পদ্ধতি ... প্রকল্পের মাধ্যমে এর সুবিধা-অসুবিধা সম্পর্কে জেনে নেয়া ভালো।

অনুষ্ঠানে ঢাকা ইউনিভার্সিটির সাবেক ভিসি প্রফেসর এমাজ উদ্দীন আহমদ, প্রফেসর মোজাফফর আহমদ, ড. কাজী খলিকুজ্জমান, প্রফেসর আবদুল্লাহ আবু সায়ীদ, ড. আশরাফ সিদ্দিকী, ড. আজিজুর রহমান, ড. মোঃ আখতারুজ্জামান, ড. মুনাজ আহমেদ, সাংবাদিক সাদেক খান, শিক্ষক নেতা সেলিম ভূঁইয়াসহ ঢাকার বিভিন্ন স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের অভিভাবকরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে এমাজ উদ্দীন আহমদ বলেন, শিক্ষা পদ্ধতি বাস্তবায়নের ক্ষেত্রে বিগত সরকারগুলোর সবসময় দুর্ভিক্ষ ছিল, যা এ সরকারের মধ্যেও লক্ষ্য করা য... পদ্ধতি বাস্তবায়নের বিরুদ্ধে কেউ ... এতো দ্রুত এ পদ্ধতি চালু করা... প্রয়োজন আছে বলে আমি মনে ... মোজাফফর আহমদ বলেন, পরী... গেছে। কিন্তু এ পদ্ধতি সম্পর্কে... শিক্ষার্থীই এখনো অজ্ঞ। তাই অন্তত ... পর এ পদ্ধতি চালু করা ... অভিভাবকদের উদ্দেশে তিনি ... অভিভাবকরা সবসময় নতজানু হ... তাই দেশের শিক্ষা ব্যবস্থা দিন দি... পড়ছে। শুধু এ পদ্ধতি নয়, সব শিক্ষা... উন্নয়নের জন্য অভিভাবকদের ... আন্দোলন করা প্রয়োজন।